

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৬২৫

(মসন্দ علي بن أبي طالب) [আলীর বর্ণিত হাদীস] (রাঃ) আবু তালিব ইবনে আলী মুসনাদে

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ، حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ طَلْحَةَ بْنِ يَزِيدَ بْنِ رُكَانَةَ، عَنْ عُبَيْدِ اللَّهِ الْخَوْلَانِيِّ، عَنْ ابْنِ عَبَّاسٍ، قَالَ: دَخَلَ عَلِيٌّ عَلِيَّ بَيْتِي، فَدَعَا بَوْضُوءَ، فَجِئْنَا بِقَعْبٍ يَأْخُذُ الْمُدَّ أَوْ قَرِيبَهُ، حَتَّى وُضِعَ بَيْنَ يَدَيْهِ، وَقَدْ بَالَ، فَقَالَ: يَا ابْنَ عَبَّاسٍ، أَلَا أَتَوَضَّأُ لَكَ وَضُوءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قُلْتُ: بَلَى، فِدَاكَ أَبِي وَأُمِّي. قَالَ: "فَوَضِعَ لَهُ إِنَاءً، فَغَسَلَ يَدَيْهِ، ثُمَّ مَضْمَضَ، وَاسْتَنْشَقَ، وَاسْتَنْثَرَ، ثُمَّ أَخَذَ بِيَدَيْهِ فَصَكَ بِهِمَا وَجْهَهُ، وَالْقَمَّ إِنْهَامَهُ مَا أَقْبَلَ مِنْ أُنْثِيهِ" قَالَ: ثُمَّ عَادَ فِي مِثْلِ ذَلِكَ ثَلَاثًا، ثُمَّ أَخَذَ كَفًّا مِنْ مَاءٍ بِيَدِهِ الْيُمْنَى، فَأَفْرَغَهَا عَلَى نَاصِيَّتِهِ، ثُمَّ أَرْسَلَهَا تَسِيلُ عَلَى وَجْهِهِ، ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُمْنَى إِلَى الْمِرْفَقِ ثَلَاثًا، ثُمَّ يَدَهُ الْأُخْرَى مِثْلَ ذَلِكَ، ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ وَأُنْثِيَهُ مِنْ ظُهُورِهِمَا، ثُمَّ أَخَذَ بِكَفَّيْهِ مِنَ الْمَاءِ، فَصَكَ بِهِمَا عَلَى قَدَمَيْهِ، وَفِيهِمَا النَّعْلُ، ثُمَّ قَلَبَهَا بَهَا، ثُمَّ عَلَى الرَّجْلِ الْأُخْرَى مِثْلَ ذَلِكَ. قَالَ: فَقُلْتُ: وَفِي النَّعْلَيْنِ؟ قَالَ: وَفِي النَّعْلَيْنِ. قُلْتُ: وَفِي النَّعْلَيْنِ؟ قَالَ: وَفِي النَّعْلَيْنِ.

ইসনাদে حسن, فقد صرح محمد بن إسحاق بالتحديث فانتفت شبهة تدليسه
إسماعيل: هو ابن علية، وعبيد الله الخولاني: هو عبيد الله بن الأسود ويقال ابن الأسد
الخولاني ربيب ميمونة زوج النبي صلى الله عليه وسلم
وأخرجه البزار (464)، وأبو يعلى (600)، وابن خزيمة (153)، وابن حبان (1080)
من طريق إسماعيل بن علية بهذا الإسناد

وأخرجه أبو داود (117)، والبزار (463)، والطحاوي 1/32 و34 و35، والبيهقي

54-1/53 من طرق عن محمد بن إسحاق، به

والقعب: القدح الضخم. وقوله: "ثم قلبها بها"، قال السندي: أي: صرف رجله بالجفة

وحرکها عند صیها قصداً لاستیعاب الغسل للرجل

বাংলা

৬২৫। ইবনুল আব্বাস থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ একদিন আলী আমার বাড়িতে এলেন। তিনি ওয়ূর পানি চাইলেন। আমি তাঁকে এক মুদ বা তার কাছাকাছি পানি ধরে এমন একটা পাত্র ভর্তি পানি এনে দিলাম। পাত্রটি তার সামনে রাখা হলো। তিনি একটু আগেই পেশাব করেছেন। তিনি বললেনঃ হে ইবনুল আব্বাস। আমি কি তোমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মত ওয়ূ করে দেখাবো? আমি বললামঃ আপনার জন্য আমার পিতা-মাতা উৎসর্গ হোক। অবশ্যই দেখান। এরপর তার জন্য একটা পাত্র আনা হলো। তিনি তার দু'হাত ধুলেন। তারপর কুলি করলেন, নাকে পানি দিলেন ও নাক সাফ করলেন। তারপর তাঁর দু'হাত দিয়ে মুখে প্রবল জোরে পানির ঝাপটা দিলেন এবং তাঁর বুড়ো আঙ্গুল দিয়ে কানের বাহিরের অংশ ধুয়ে দিলেন। তারপর এই কাজগুলো তিন তিনবার করলেন। তারপর তার ডান হাত ভরে পানি নিয়ে তা তার কপালে ঢাললেন, অতঃপর তা তাঁর সমস্ত মুখমণ্ডলে বইয়ে দিলেন, তারপর তাঁর ডান হাত কনুই পর্যন্ত তিনবার ধুলেন। তারপর তার অন্য হাতও কনুই পর্যন্ত ধুলেন। তারপর তার মাথা ও কানের মধ্যভাগ মাসেহ করলেন। তারপর দু'হাত ভর্তি পানি নিয়ে দু'পায়ে ঢাললেন, তখন তাঁর পায়ে পাদুকা ছিল। তিনি পাদুকা দুটিকে উল্টিয়ে ফেললেন, তারপর অপর পাও তদ্রূপ ধুলেন। আমি বললামঃ পাদুকা সহ? তিনি বললেনঃ পাদুকাসহ। আমি বললামঃ পাদুকাসহ? তিনি বললেনঃ পাদুকাসহ। আমি বললামঃ পাদুকাসহ? তিনি বললেনঃ পাদুকাসহ।

[ইবনু খুযাইমা ১৫৩, ইবনু হিব্বান ১০৮০, আবু দাউদ ১১৭]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=63524>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন